

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান প্রকৌশলীর কার্যালয়  
সংস্থাপন শাখা-১  
গণপূর্ত অধিদপ্তর সেগুনবাগিচা, ঢাকা।  
ফোনঃ ৯৫৬২৭৯৫, ফ্যাক্সঃ ৮৮-০২-৯৫৬২৯১৩  
[www.pwd.gov.bd](http://www.pwd.gov.bd)

১৮-১১-১৪২২বঙ্গাব্দ

নম্বরঃ ২৫.৩৬.০০০০.২১১.১১.১৬৩.০৮-৩৯৮ (১৭০)

তারিখঃ-----।

০১-০৩-২০১৬খ্রিঃ

- ১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী  
..... গণপূর্ত জোন,.....
- ২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী  
..... গণপূর্ত সার্কেল- , .....
- ৩) নির্বাহী প্রকৌশলী  
..... গণপূর্ত বিভাগ- , .....

বিষয়ঃ- All cadre PMIS software-এ রেজিস্ট্রেশন, অনুমোদন (Validation) এবং PDS এ তথ্য প্রদান প্রসঙ্গে।


সূত্রঃ- অত্র কার্যালয়ের স্মারক নম্বরঃ ২৫.৩৬.০০০০.২১১.১১.১৬৩.০৮-৩১৯(১০০) তারিখ ১৭-০২-২০১৬।

সম্মানের সাথে উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিসিএস(গণপূর্ত) ক্যাডারের যে সকল কর্মকর্তা All cadre PMIS software এ রেজিস্ট্রেশন করেননি, তাঁদেরকে সূত্রে বর্ণিত স্মারকের মাধ্যমে ২৪/০২/২০১৬ তারিখের মধ্যে রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য নির্দেশ প্রদান করা হয়েছিল। এতদসত্ত্বেও অনেক কর্মকর্তা এখনো All cadre PMIS software এ রেজিস্ট্রেশন করেননি বলে প্রতিয়মান, হচ্ছে। সে প্রেক্ষিতে যারা এখনো নাম রেজিস্ট্রেশন করেননি, তাঁদেরকে আগামী ০৭/০৩/২০১৬ তারিখের মধ্যে অবশ্যই রেজিস্ট্রেশন করার জন্য পুনর্বীর নির্দেশক্রমে অনুরোধ করা হলো। রেজিস্ট্রেশন করার জন্য গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইট [www.pwd.gov.bd](http://www.pwd.gov.bd) অথবা জন প্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট [www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)-তে All cadre PMIS software লিংক এ All cadre registration এ ক্লিক করলে একটি Blank form প্রদর্শিত হবে। উক্ত ফর্মের চাহিত তথ্যাদি পূরণ করে Registration button-এ ক্লিক করলে Successful Message সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রদর্শিত হবে।

২। পরবর্তীতে পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সংশ্লিষ্ট কর্মকর্তার তথ্যাদি যাচাই-বাছাই (Validation) এর কাজ সম্পন্ন হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে ১২ ডিজিটের পরিচিতি নম্বর এবং Password প্রেরণ করা হবে। পরবর্তীতে কর্মকর্তাগণ All cadre log in লিংকে ক্লিক করে Govt ID-তে ১২ ডিজিটের পরিচিতি নম্বর এবং Password এর ঘরে প্রেরিত Password ব্যবহার করে সিস্টেমে log in করতে পারবে। ১২ ডিজিটের আইডি প্রাপ্ত কর্মকর্তাগণ উক্ত সিস্টেমে যথাযথ প্রক্রিয়ায় log in করে অন্যান্য তথ্যাদি এন্ট্রি/আপডেট করতে পারবেন।

৩। বিশেষভাবে উল্লেখ্য যে, আগামী ০৭-০৩-২০১৬ তারিখের মধ্যে রেজিস্ট্রেশন না করলে রেজিস্ট্রেশনে ব্যর্থ কর্মকর্তাগণের তালিকা গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে এবং এতদসংক্রান্ত বিষয়ে কোন জটিলতা দেখা দিলে তার দায়-দায়িত্ব তাঁর উপর বর্তাবে।

৪। বিষয়টি অতীব জরুরী।

  
(সারওয়ার আহমদ)  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সংস্থাপন)  
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।  
